# দিনাজপুর বোর্ড-২০১৬

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : ২ ৯ ২

সময়— ২ ঘন্টা ১০ মিনিট

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো ৬ টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ▶ জনাব মেহেদী জনাব হাশেমের নিকট থেকে ১০,০০০ টাকার পণ্য ধারে ক্রয় করেন। জনাব হাশেম পণ্য বিক্রয়ের ক্ষেত্রে শর্ত আরোপ করেন যে জনাব মেহেদী ১৪ দিনের মধ্যে পণ্যমূল্য পরিশোধ করলে মোট ক্রয়মূল্যের ৩% নগদ বাট্টা সুবিধা পাবেন। তবে তাকে অবশ্যই ২৭ দিনের মধ্যে পণ্যের ক্রয়মূল্য পরিশোধ করতে হবে। জনাব মেহেদী ব্যাংক থেকে ঋণ নিয়ে ৪র্থ দিন জনাব হাশেমকে পণ্যের মূল্য পরিশোধ করে দেন। ব্যাংক ঋণের সুদের হার ১২%।

ক. বাণিজ্যিক পত্র কী? ১

খ. ন্যূনতম চলতি মূলধনের পরিমাণ কী হওয়া উচিত? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মেহেদীর ব্যবসায়ী ঋণের ব্যয় কত? ব্যাখ্যা করো। ৩

ঘ. ঋণের ব্যয় বিবেচনায় জনাব মেহেদীর ব্যাংক ঋণ গ্রহণের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

২. ▶ করিম সাহেব ৫,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করতে চান। কিন্তু তার এক বন্ধু শাহীন ব্যবসায় না করে তাকে ঐ টাকা দিয়ে একটি সঞ্চয়পত্র কিনতে পরামর্শ দেন, যার মেয়াদ ১০ বছর, সুদের হার ১২% এবং ত্রৈমাসিক ভিত্তিতে সুদ হিসাব করা হয়। অন্য বন্ধু জামিল তাকে 'ক' ব্যাংকে টাকাটা আমানত রাখতে বলেন, সেখান থেকে তিনি ১০ বছর পর ৩ গুণ টাকা পাবেন।

ক. মিশ্র নগদ প্রবাহ কী? ১

খ. সাধারণ বার্ষিক বৃত্তি কী? ব্যাখ্যা করো। ২

গ. জামিলের পরামর্শ মোতাবেক করিম সাহেব ১০ বছর পর কত টাকা পাবেন? ৩

ঘ. কোন বন্ধুর প্রস্তাব মি. করিমের গ্রহণ করা উচিত? যুক্তিসহ উত্তর দাও। ৪

৩. ▶ জনাব রায়হান একজন সচেতন ব্যবসায়ী। তিনি ব্যবসায়ে সবসময় কম ঝুঁকির দিকে আকৃষ্ট হয়ে থাকেন। বর্তমানে রায়হানের ব্যবসায়ে এককপ্রতি বিক্রয়মূল্য ৬০ টাকা। এককপ্রতি পরিবর্তনশীল ব্যয় ৪৫ টাকা ও মোট স্থায়ী ব্যয় ১০,০০০ টাকা। তিনি ব্যবসায়ের বিভিন্ন দিক বিবেচনা করে ঝুঁকি সর্বনিম্নকরণের চিন্তা করেছেন।

ক. সমচ্ছেদ বিন্দু কী? ১

খ. সমচ্ছেদ বিন্দু কীভাবে নির্ণয় করতে হয়? ২

গ. জনাব রায়হানের সমচ্ছেদ বিন্দু নির্ণয় করো। ৩

https://teachingbd24.com

ঘ. জনাব রায়হান কীভাবে তার ব্যবসায়ে ঝুঁকি হ্রাস করতে পারেন? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪.▶ জনাব রহমান চাকুরি থেকে অবসর গ্রহণের পর গ্র্যাচুয়িটি হিসেবে ১০,০০,০০০ টাকা পান। তিনি উক্ত অর্থ ৩ বছরের জন্য ব্যাংকে জমা রাখতে চান। তার কাছে দুটি বিকল্প প্রস্তাব রয়েছে। সন্ধ্যা ব্যাংক ১৩% হারে সরল সুদ প্রদানে আগ্রহী এবং রূপসা ব্যাংক ১২% হারে চক্রবৃদ্ধি সুদ প্রদানে আগ্রহী। ব্যাংক ছাড়াও ইস্টার্ন বিমা কোম্পানি হতে তিন বছর শেষে ১৪,০০,০০০ টাকা প্রাপ্তির একটি বিকল্প প্রস্তাব তার নিকট রয়েছে।

ক. অর্থের ভবিষ্যৎ মূল্য কী? ১

খ. চক্রবৃদ্ধি হারে প্রকৃত সুদের হার পরিবর্তিত হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. রূপসা ব্যাংকে জমা রাখলে তিনি তিন বছর শেষে কত টাকা পাবেন? ৩

ঘ. তিনটি বিকল্প প্রস্তাবের মধ্যে জনাব রহমানের কোনটি গ্রহণ করা উচিত? যুক্তিসহ উত্তর দাও। ৪

৫.▶ মিনতি মিনারেলস কোং লি.-এর কাছে দুটি পরস্পর বর্জনশীল প্রকল্প A ও B তে বিনিয়োগের সুযোগ রয়েছে। প্রকল্প দুটির নগদ প্রবাহ নিম্নরূপ:

| সময় | A | B |
|---|---|---|
| ০ | (৩০,০০০) | (৪০,০০০) |
| ১ | ২,০০০ | ২৫,০০০ |
| ২ | ১৫,০০০ | ১৮,০০০ |
| ৩ | ৭,০০০ | ৯,০০০ |
| ৪ | ৫,০০০ | ৬,০০০ |

ক. পরস্পর বর্জনশীল প্রকল্প কী? ১

খ. পে-ব্যাক পিরিয়ড বলতে কী বোঝ? ২

গ. মূলধন ব্যয় ১৫% হলে প্রকল্প দুটির NPV নির্ণয় করো। ৩

ঘ. যদি প্রকল্প দুটি স্বাধীন হয় এবং মূলধন ব্যয় ১২% হলে তুমি কোন প্রকল্প পছন্দ করবে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬.▶ 'ক' সুগার মিলস্ লি. মূলধন বৃদ্ধিকল্পে নতুন সাধারণ শেয়ার ইস্যুর কথা চিন্তা করছে। বর্তমানে কোম্পানির শেয়ার বাজারে ২৭ টাকা করে বিক্রি হচ্ছে। কোম্পানিটি গত বছর শেয়ার প্রতি ৩ টাকা করে লভ্যাংশ প্রদান করেছে এবং তারা প্রত্যাশা করছে ভবিষ্যতে এই লভ্যাংশ বৃদ্ধির হার সবসময় ৬% হবে। নতুন সাধারণ শেয়ার ইস্যু করতে বাজার মূল্যের ৬% উত্তোলন ব্যয় হবে।

ক. সুযোগ ব্যয় কী? ১

খ. সাধারণ শেয়ারের মূলধন ব্যয় বলতে কী বোঝ? ২

গ. 'ক' সুগার মিলস্ লি. এর সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. উত্তোলন ব্যয় যদি ৩% হয় তবে সাধারণ শেয়ার মূলধন ব্যয়ের ওপর কী প্রভাব পড়বে তা বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৭. ▶ সান লি. এবং মুন লি. উভয়ই উৎপাদনকারী প্রতিষ্ঠান। সান প্রতিষ্ঠান জামানতের ভিত্তিতে ঋণ গ্রহণ করে থাকে এবং অর্থের প্রাপ্যতা অনুসারে ব্যয় নির্ধারণ করে থাকে। অন্যদিকে মুন প্রতিষ্ঠানটি জামানত ছাড়াই অর্থসংস্থান করে থাকে এবং ব্যয় নির্ধারণ করে অর্থসংস্থান করে থাকে।

ক. তারল্য ও মুনাফা নীতি কী? ১

খ. পোর্টফোলিও নীতি কেন গ্রহণ করা হয়? ২

গ. সান লি. কোন ধরনের অর্থসংস্থান করে থাকে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সান লি. ও মুন লি. এর মধ্যে কোন প্রতিষ্ঠানটি জনগণের কল্যাণ সাধনের জন্য অধিক ভূমিকা রাখে? ৪

৮. ▶ মনে করো, কে.এন.পি কলেজ এর দুটি প্রকল্পে বিনিয়োগের সুযোগ আছে। প্রকল্প দুটি হলো M ও N। প্রকল্প দুটির অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ:

| প্রকল্প M | | প্রকল্প N | |
|---|---|---|---|
| নগদ আয়প্রবাহ | সম্ভাবনা বিন্যাস | নগদ আয়প্রবাহ | সম্ভাবনা বিন্যাস |
| ৬০,০০০ | .৬০ | ৫০,০০০ | .৫০ |
| ১০,০০০ | .১০ | ২০,০০০ | .৩০ |
| ১০,০০০ | .২০ | ১০,০০০ | .১০ |
| ২০,০০০ | .১০ | ২০,০০০ | .১০ |

ক. ঝুঁকি কী? ১

খ. প্রত্যাশিত মুনাফা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের তথ্যাবলি অবলম্বনে প্রকল্প M এর পরিমিত ব্যবধান নির্ণয় করো। ৩

ঘ. প্রকল্প M ও N এর মধ্যে কোন প্রকল্পটি ঝুঁকিপূর্ণ? মতামত দাও। ৪

৯. ▶ বিটা কোম লি. ৫ বছর মেয়াদি ১,০০০ টাকা অভিহিত মূল্যের ১০% কুপন। বন্ড ইস্যু করে। মি. নাহিদ প্রাথমিক গণপ্রস্তাবের (IPO) মাধ্যমে বিটা কোম লি. এর বন্ডে আবেদন করেন এবং তিনি ৫টি বন্ড পেয়ে যান। উল্লেখ্য বর্তমানে বাজার সুদের হার ১৫%। অন্যদিকে নীলু লি. ৭ বছর মেয়াদি ১০,০০০ টাকা অভিহিত মূল্যের ৯% কুপন বন্ড ইস্যু করে। আবার, অতিথি লি. ৮ বছর মেয়াদি ১,০০০ টাকা অভিহিত মূল্যের ২০% কুপন বন্ড ইস্যু করে।

ক. অগ্রাধিকার শেয়ার কী? ১

খ. ট্রেজারি বন্ডের আয়ের হারকে কেন ঝুঁকি মুক্ত আয়ের হার বলা হয়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত বিটা কোম লি. এর বন্ডটি যদি জিরো কুপন বন্ড হয় তাহলে বন্ডের অন্তর্নিহিত মূল্য কত? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত নীলু ও অতিথি লি. এর বন্ডের বর্তমান মূল্য নির্ণয় করো এবং কোনটি অধিহারে ও অবহারে বিক্রি হবে তার কারণ বিশ্লেষণ করো। ৪

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : | ২ | ৯ | ২ |

সময় ঃ ৪০ মিনিট — পূর্ণমান— ৪০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. নিচের কোন সংস্থাটি বাংলাদেশের শেয়ারবাজার নিয়ন্ত্রণ করে?
ক BSTI খ BSIC
গ BSEC ঘ BSRS

২. নিচের কোনটি সবচেয়ে গ্রহণযোগ্য মাধ্যম?
ক ক্রেডিট কার্ড খ এটিএম কার্ড
গ চেক বই ঘ অর্থ

৩. মানি লন্ডারিং বলতে বোঝায়—
ক বৈধভাবে অর্থ উপার্জন ও বিদেশে প্রেরণ
খ অবৈধভাবে অর্থ উপার্জন ও বিদেশে প্রেরণ
গ অর্থনৈতিক উন্নয়নে সহায়তা করা
ঘ বিদেশ থেকে অর্থ উপার্জন করা

৪. বিনিয়োগ হতে প্রত্যাশিত সর্বনিম্ন আয়ের হারকে কী বলে?
ক বিনিয়োগ হতে আয় খ মূলধন হতে আয়
গ মুনাফার হার ঘ মূলধন ব্যয়

৫. একটা প্রতিষ্ঠান যখন তার অর্জিত মুনাফার সম্পূর্ণ বণ্টন না করে কিছু অংশ প্রতিষ্ঠানে রেখে দেয়, তখন তাকে কী বলে?
ক অবণ্টিত আয় খ সংরক্ষিত আয়
গ অমাকৃত আয় ঘ নিজস্ব আয়

৬. অগ্রাধিকার শেয়ার মালিকরা লভ্যাংশ পেয়ে থাকে—
ক নির্দিষ্ট হারে খ অনির্দিষ্ট হারে
গ ঋণের আগে ঘ সাধারণ শেয়ারের পরে

উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও।
মেসার্স মজল এন্টারপ্রাইজ তাদের আর্থিক প্রয়োজনে ৫,০০,০০০ টাকা সংগ্রহের জন্য ৮ বছর মেয়াদি ১৩% হারে ঋণপত্র ছাড়ে। যার লিখিত মূল্য ১,০০০ টাকা। প্রতিষ্ঠানটি ৫% কমিশন এবং ৪% অবলেখন ফি দেয়ার সিদ্ধান্ত নেয়। প্রতিষ্ঠানটি ৩০% হারে কর প্রদান করে। তবে প্রতিষ্ঠানটি আয়ের ৪৫% লভ্যাংশ দেয়। কিছুদিন পর হঠাৎ করে লাভজনক নতুন প্রকল্পে দ্রুত বিনিয়োগের জন্য অর্থের প্রয়োজন পড়ে। তাই সংরক্ষিত আয় হতে অর্থসংস্থানের সিদ্ধান্ত নেয়।

৭. মেসার্স মজল এন্টারপ্রাইজের ঋণ সংগ্রহ খরচের শতকরা হার কত?
ক ১১.২% খ ১২% গ ১২.৮৭% ঘ ১৩%

৮. মেসার্স মজল এন্টারপ্রাইজ-এর সংরক্ষিত আয় হতে অর্থসংস্থানের কারণ হলো—
i. সময়ের স্বল্পতা
ii. সাধারণ শেয়ারের চেয়ে কম খরচ
iii. পর্যাপ্ত সংরক্ষিত আয়
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii
নিচের কোনটি সঠিক?

৯. অনিশ্চয়তা হতে যে ক্ষতির সৃষ্টি হয় তাকে কী বলে?
ক লোকসান খ রিটার্ন গ ঝুঁকি ঘ মুনাফা

১০. ঝুঁকি ও আয়ের মধ্যে কোন ধরনের সম্পর্ক বিদ্যমান?
ক ঋণাত্মক খ ধনাত্মক
গ নিরপেক্ষ ঘ পক্ষপাতিত্ব

১১. অর্থায়নের প্রধান কাজ কোনটি?
ক সহজ সুদে ঋণদান খ তহবিল সংগ্রহ
গ উৎস চিহ্নিতকরণ ঘ মুনাফা অর্জন

১২. অর্থায়নের সাথে অর্থনীতির কোন শাখার সম্পর্ক আছে?
ক ব্যষ্টিক খ সামষ্টিক
গ সামগ্রিক ঘ সামাজিক

১৩. মেয়াদের ভিত্তিতে অর্থায়নকে কয় ভাগে ভাগ করা যায়?
ক ১ খ ২ গ ৩ ঘ ৪

১৪. একটা দেশের সরকার যদি উন্নয়নমূলক কোনো কাজ করতে চায়, তাহলে তারা কীভাবে এর অর্থায়ন করবে?
ক নিজস্ব অর্থায়ন খ সরকারি অর্থায়ন
গ বেসরকারি অর্থায়ন ঘ আন্তর্জাতিক অর্থায়ন

উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও।
দেশের একটি সুপ্রতিষ্ঠিত উৎপাদনকারী প্রতিষ্ঠান তাদের উৎপাদিত পণ্য দেশের বাইরে রপ্তানি করে। বর্তমানে প্রতিষ্ঠানটি ঢাকার বাইরে আর একটি প্লান্ট স্থাপন করতে চায়। এজন্য প্রচুর অর্থের প্রয়োজন।

১৫. প্রতিষ্ঠানটি তাদের অর্থায়নের জন্য—
i. শেয়ার বিক্রি করতে পারে
ii. ঋণপত্র ইস্যু করতে পারে
iii. বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ নিতে পারে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. উদ্দীপকের আলোকে গৃহীত আর্থিক সিদ্ধান্তের ফলাফল কী হবে?
ক শেয়ারহোল্ডারদের লভ্যাংশ কমাবে
খ প্রতিষ্ঠানের মুনাফা ও ঝুঁকি বাড়বে
গ প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হবে
ঘ প্রতিষ্ঠানটি ঋণখেলাপি হিসাবে বিবেচিত হবে

১৭. যে বিন্দুতে একটা প্রতিষ্ঠানের আয়-ব্যয় সমান থাকে তাকে কী বলে?
ক সমান বিন্দু খ সম আয়-ব্যয় বিন্দু
গ সম আয় বিন্দু ঘ সম ব্যয় বিন্দু

১৮. আর্থিক অনুপাত ব্যবহার করে না কারা?
ক দাতব্য প্রতিষ্ঠানসমূহ
খ ব্যবস্থাপক
গ বিনিয়োগকারী ঘ শেয়ার মালিক

উদ্দীপকটি পড়ো এবং ১৯নং প্রশ্নের উত্তর দাও।
একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান তাদের কারখানায় ২০০ একক পণ্য ২০০০ টাকায় উৎপাদন করে। বর্তমানে তাদের পণ্যের চাহিদা বৃদ্ধি পাওয়াতে তারা এই সিদ্ধান্ত নেয় যে, ২৪০ একক পণ্য উৎপাদন করবে ২৪০০ টাকায়।

১৯. উৎপাদনকারী প্রতিষ্ঠানটির প্রান্তিক ব্যয়ের পরিমাণ কত?
ক ৪০ টাকা খ ৪০০ টাকা
গ ১০০ টাকা ঘ ১০০০ টাকা

২০. নিচের কোনটি চলতি সম্পদ?
ক অদেয় ভাড়া খ ব্যাংক ওভারড্রাফট
গ বিবিধ পাওনাদার ঘ বিবিধ দেনাদার

২১. দীর্ঘমেয়াদি মূলধন বিনিয়োগ সিদ্ধান্তকে কী বলে?
ক মূলধন ব্যয় খ মূলধন বাজেট
গ মূলধন রেশনিং ঘ মূলধন কাঠামো

২২. মূলধন বাজেটিং এর কৌশল প্রধানত কতটি?
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি

https://teachingbd24.com

২৩. অর্থের সময়মূল্য বিবেচনা করা হয়—
i. IRR-এ ii. NPV-এ
iii. ARR-এ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও।
মি. শিহাব একটি লাভজনক প্রকল্পে ১,২০,০০০ টাকা বিনিয়োগ করলেন, যা থেকে আগামী ৫ বছর যাবৎ বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ১৬,০০০ টাকা, ২৪,০০০ টাকা, ৫০,০০০ টাকা, ৪০,০০০ টাকা এবং ৪২,০০০ টাকা।

২৪. প্রকল্পটির ৩য় বছরে ক্রমযোজিত নগদ প্রবাহ কত হবে?
ক ৪০,০০০ টাকা খ ৫০,০০০ টাকা
গ ৮০,০০০ টাকা ঘ ৯০,০০০ টাকা

২৫. প্রকল্পটির পে-ব্যাক সময় কত হবে?
ক ৩ বছর ৬ মাস খ ৩ বছর ৯ মাস
গ ৪ বছর ২ মাস ঘ ৪ বছর ৫ মাস

২৬. একটা কোম্পানির মোট মূলধনের ক্ষুদ্র ক্ষুদ্র অংশকে কী বলে?
ক বন্ড খ শেয়ার গ মূলধন ঘ মুনাফা

২৭. দীর্ঘমেয়াদি অর্থসংস্থানের সুবিধা হলো—
i. আনুষ্ঠানিকতা কম
ii. অধিক পরিমাণ ঋণ
iii. দীর্ঘ মেয়াদের সুবিধা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. PBP নির্ণয়ের সূত্র কোনটি?
ক $\frac{\text{প্রাথমিক মূল বিনিয়োগ}}{\text{বার্ষিক নগদ প্রবাহ}}$ খ $\frac{\text{নিট মুনাফা}}{\text{প্রকল্পের মেয়াদ}}$
গ $\frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$
ঘ $\frac{\text{বিনিয়োগ ব্যয় + ভগ্নাবশেষ মূল্য}}{২}$

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও।
মি. খাদী একজন অভিজ্ঞ বিনিয়োগকারী। তিনি তাঁর বিনিয়োগযোগ্য তহবিল দ্বারা একটি সুপ্রতিষ্ঠিত কোম্পানির একটি বন্ড কিনতে চান যার লিখিত মূল্য ১,০০০ টাকা। কুপন সুদের হার ৮% এবং বন্ডটি ১২ বছর মেয়াদি। বাজারে সুদের হার ১০%। কিছুদিন পর মি. খাদী ঐ প্রতিষ্ঠানের কিছু সাধারণ শেয়ার কেনেন।

২৯. মি. খাদী নগদ বন্ডটি কেনার জন্য সর্বোচ্চ কত টাকা প্রদান করবেন?
ক ৮৬০ টাকা খ ৮৬৪ টাকা
গ ৮৭০ টাকা ঘ ৮৭৫ টাকা

৩০. মি. খাদী যে কারণে সাধারণ শেয়ার কিনলেন সেটা হলো—
i. লভ্যাংশ প্রাপ্তি ii. মূলধনী লাভ
iii. পরিচালক হওয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩১. তনি ট্রেজারি বিনিয়োগ থেকে ২৫% হারে মুনাফা লাভ করবে। এক্ষেত্রে সে ঝুঁকির সম্মুখীন হতে পারে—
i. ২০% হারে মুনাফা পেলে
ii. ২৫% হারে মুনাফা পেলে
iii. ২৭% হারে মুনাফা পেলে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩২. সময়ের পরিবর্তনের সাথে সাথে অর্থের মূল্যের পরিবর্তনকে কী বলে?
ক অর্থের ভবিষ্যৎ মূল্য খ অর্থের বর্তমান মূল্য
গ অর্থের সময়মূল্য ঘ অর্থের অতীত মূল্য

৩৩. সুদাসলের ওপর কোন সুদ প্রদান করা হয়?
ক সরল সুদ খ মোট সুদ
গ নিট সুদ ঘ চক্রবৃদ্ধি সুদ

৩৪. ভবিষ্যৎ মূল্যের চেয়ে মানুষ বর্তমান মূল্য বেশি পছন্দ করে। কারণ—
i. বর্তমান নিশ্চিত ভোগ
ii. হিসাবের সঠিক মূল্যায়ন
iii. ঝুঁকি হ্রাস
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩৫ ও ৩৬নং প্রশ্নের উত্তর দাও।
মি. রফিক ৫ বছর পর একটি বাড়ি তৈরির জন্য ১০,০০,০০০ টাকার একটি তহবিল গঠন করতে চান। এজন্য তিনি এখনই ঐ তহবিলে কিছু টাকা জমা করবেন। যেখানে তিনি ১২% হারে সুদ পাবেন।

৩৫. মি. রফিক তার ভবিষ্যৎ তহবিলে এখন কত টাকা জমা করবেন?
ক ৫,৬৭,৪২৭ খ ৬,৫৭,৪২৭
গ ৫,৭৬,৪২৭ ঘ ৬,৭৫,৪২৭

৩৬. ব্যাংকের তহবিলে টাকা জমা রাখার ফলে মি. রফিক যে সুবিধাটি পাচ্ছেন তাকে কী বলা যেতে পারে?
ক চলতি ব্যয় খ সুযোগ ব্যয়
গ স্থির ব্যয় ঘ ভবিষ্যৎ ব্যয়

৩৭. $\frac{৩}{১০}$ নিট ৪০' -এর ব্যবসায় ঋণের খরচ কত?
ক ৩০.১১ খ ৩১.৩৩
গ ৩২.২২ ঘ ৩৩.৪৪
সঠিক উত্তর: ৩৭.১১%।

৩৮. নিচের কোনটি মজুদ পণ্য ব্যবস্থাপনার উপাদান?
ক যন্ত্রপাতি খ কাঁচামাল
গ আসবাবপত্র ঘ দালানকোঠা

৩৯. "বকেয়া খরচ" কোন ধরনের অর্থসংস্থান?
ক বাহ্যিক খ মধ্যমেয়াদি
গ অভ্যন্তরীণ ঘ দীর্ঘমেয়াদি

৪০. যে বন্ডের কোনো মেয়াদ নেই তাকে কী বলে?
ক অপরিশোধযোগ্য বন্ড
খ পরিশোধযোগ্য বন্ড
গ জাঙ্ক বন্ড ঘ পরিপক্ব বন্ড

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | গ | ৯ | গ | ১০ | গ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ঘ | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ঘ |
| ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | ক | ৩২ | গ | ৩৩ | ঘ | ৩৪ | ঘ | ৩৫ | ক | ৩৬ | গ | ৩৭ | * | ৩৮ | খ | ৩৯ | খ | ৪০ | ক |

Teachingbd24.com